

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ৫৬২. ২০১২- ৪৭৬

তারিখঃ ২১-০২-২০১৭ ইং

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১৫৪৩৬/২০১২ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৪৫৮/২০১৬ মোকদ্দমার রুল ও আরজি।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সমাপ্ত ৮ (আট)টি প্রকল্পের ৬৫ (পয়ষট্টি) জন কর্মকর্তা/কর্মচারী তাদের চাকুরি রাজস্ব খাতে আত্মীকরণের জন্য মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১৫৪৩৬/২০১২ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত পিটিশনে ৩০-০৭-২০১৩ তারিখের রায়ে আবেদনকারীগণকে আত্মীকরণ করার আদেশ প্রদান করেন। উক্ত আদেশ বাস্তবায়ন না করায় মামলার বাদীগণ কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৪৫৮/২০১৬ দায়ের করা হয়। বর্ণিত কনটেম্পট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ ১৫-১২-২০১৬ তারিখের আদেশে কেন আদালত অবমাননাকর কার্যক্রম গ্রহণ করা হবে না, ১২-০১-২০১৭ তারিখের মধ্যে তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করেন। উল্লেখ্য, কনটেম্পট পিটিশন নং ৪৫৮/২০১৬ এর জবাব প্রদানসহ বর্ণিত মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে জনাব মোঃ আশরাফুল আলমকে ইতিপূর্বে দায়িত্ব প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, একই বিষয়ে ১৩.০২.২০১৭ তারিখে সহকারী রেজিষ্টার, হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০১ (এক) ফর্দ।

(মোঃ মাহবুবুর রহমান)
উপসচিব
৯৫৪০৯৯৫

জনাব মোঃ আশরাফুল আলম
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। অতিরিক্ত সচিব(পাস), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।